দৈনিক বাংলা

তারিখ 18 MAR 1992
পৃষ্ঠা ... কলাম ...

২০

০৪

বিবিসি'র সাক্ষাৎকারে প্রধানমন্ত্রী

# ভার্সিটি সন্ত্রাস নির্মূল করতে সকলের সহযোগিতা প্রয়োজন

প্রধানমন্ত্রী খালেদা জিয়া লন্ডনে বিবিসি'র সঙ্গে এক সাক্ষাৎকারে বলেছেন, বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস নির্মূল করার জন্য সকল মহলের সাহায্য ও সহযোগিতা প্রয়োজন। তিনি বলেন, আমরা সকল মহলের সাহায্য চেয়েছি।

বেগম খালেদা জিয়া বলেন, এই ধরনের সন্ত্রাস স্বৈরাচারেরই সৃষ্টি। নয় বছরের স্বৈরাচারী শাসন আমলে সরকারের মদদেই এই সন্ত্রাসের জন্ম এবং বিস্তৃতি।

তিনি বলেন, আমরা আমাদের সন্তানদের জন্য একটি সুন্দর ভবিষ্যত কামনা করি। আমরা চাই গণতান্ত্রিক পরিবেশেই সব কিছু পরিচালিত হোক।

তিনি এক প্রশ্নের জবাবে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাড়া অন্যান্য কয়েকটি বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠুভাবে ক্লাস চলছে। তিনি আশা করেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থারও অচিরেই উন্নতি ঘটবে।

[বিবিসির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎকারের বিবরণ চারের পাতায়।]